বাহক মারফত/ই-মেইল/জিইপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, ব্লক-বি (১২ তলা) (উত্তর পার্শ্ব)
প্লট এফ, ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
**website:** www.cevappealdhaka2.gov.bd **E-mail:**cusappealdk2@gmail.com

নথি নং-৫-শুল্ক(২৫)/আঃ/Yogmaya/আঃকমিঃ/ঢাকা-২/২০২২/ তারিখঃ /০১/২০২৩ খ্রি.।

## আপিল মামলা নং- (শুল্ক) ২৫/২০২২

বিষয়ঃ ডেপুটি কমিশনার অব কাস্টমস, সোনামসজিদ স্থল কাস্টমস স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক জারীকৃত নথি নং-৫/সোনা.মস./কাস/১৯১৯/SAFTA/প্রাইম/২০২০/১২০৫(৪), তারিখ-১১/৮/২০২২ খ্রি. এর বিরুদ্ধে দায়েরকৃত আপিলটি খারিজ করণ।

সূত্রঃ ১। সমনথির পত্র নং-৫-শুল্ক(২৫)/আঃ/Yogmaya/আঃকমিঃ/ঢাকা-২/২০২২/৯৭৯, তারিখঃ ২৮/১১/২০২২ খ্রি.।
২। সমনথির পত্র নং-৫-শুল্ক(২৫)/আঃ/Yogmaya/আঃকমিঃ/ঢাকা-২/২০২২/২৮, তারিখঃ ০৫/০১/২০২৩ খ্রি.।

## আপিল কমিশনারেট, ঢাকা-২ এর আদেশ

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ডেপুটি কমিশনার অব কাস্টমস, সোনামসজিদ স্থল কাস্টমস স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক জারীকৃত নথি নং-৫/সোনা.মস./কাস/১৯১৯/SAFTA/প্রাইম/২০২০/১২০৫(৪), তারিখ-১১/৮/২০২২ খ্রি. এর বিপরীতে সত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক, M/S, Yogmaya Traders, Jamdia, Bagherpara, Jashore-7470 কর্তৃক গত ২০/১০/২০২২ খ্রি. তারিখে এ দপ্তরে আপিল করার জন্য একটি আবেদন দাখিল করেন। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা-১৯৪এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী Statutory deposit জমা প্রদানের বিধান রয়েছে। কিন্তু আপিলকারী কোন অর্থ জমা প্রদান না করে হার্ডশিপের আবেদন দাখিল করেন। এ দপ্তর হার্ডশিপের আবেদন আমলে নিয়ে দাবীকৃত শুল্ককরাদির ২৫% অর্থ নগদ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে যথাযথ খাতে জমা প্রদানের নির্দেশ দিয়ে সূত্রীয় ১ নং পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু আপিলকারী ২৫% অর্থ জমা প্রদানের অপারগ হয়ে পুনরায় গত ২৭/১২/২০২২ খ্রি. তারিখে আরো একটি হার্ডশিপের আবেদন দাখিল করেন এবং এ দপ্তর কর্তৃক পুনরায় আপিলকারীর হার্ডশিপের আবেদন পুনর্বিবেচনা করে দাবীকৃত শুল্ককরাদির ১০% অর্থ নগদ ট্রেজারী চালানের মাধ্যমে ০৭ দিনের মধ্যে সরকারী কোষাগারে যথাযথ খাতে জমা প্রদানের নির্দেশ দিয়ে ০৫/০১/২০২৩ তারিখে সূত্রীয় ২ নং পত্র জারী করা হয়। কিন্তু অদ্যাবধি আপিলকারী কোন অর্থ জমা প্রদান করেনি বা এতদবিষয়ক কোন তথ্য বা দলিল এ দপ্তরে পাওয়া যায়নি। আলোচ্য ক্ষেত্রে দরখাস্তকারী আপিলের জন্য আবশ্যকীয় কোন অর্থ জমা প্রদান না করায় এ দপ্তরে দাখিলকৃত আপিল মামলাটি খারিজ করা হলো।

৩০/১/২০২৩
(মোঃ শওকাত হোসেন)
কমিশনার

নথি নং-৫-শুল্ক(২৫)/আঃ/Yogmaya/আঃকমিঃ/ঢাকা-২/২০২২/ ৮৭(০-২) তারিখঃ৩০/০১/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিতঃ-

১ আপিলকারী/আবেদনকারী ঃ সত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক, M/S, Yogmaya Traders, Jamdia, Bagherpara, Jashore-7470।

২ প্রতিবাদী/রেসপন্ডেন্ট ঃ ডেপুটি কমিশনার অব কাস্টমস, সোনামসজিদ স্থল কাস্টমস স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। পরবর্তী আইনী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অফিস কপি (দায়িত্বপ্রাপ্ত কর্মচারীকে এই আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো)।

৩০/০১/২০২৩
(জান্নাতুল ফেরদৌস)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে।